Zer0 to Infinity

বাংলা সাহিত্যের জন্য গুরুত্বপূর্ণ হ্যান্ডনোট

বাংলা
সাহিত্য সম্ভার

Raisul Islam Hridoy

বিসিএস, ব্যাংক জব, প্রাথমিক শিক্ষক নিয়োগ ও নিবন্ধন, বিশ্ববিদ্যালয় ভর্তি সহ সকল প্রতিযোগিতামূলক পরিক্ষার বাংলা সাহিত্য অংশের জন্য গুরুত্বপূর্ণ নোট।

পরিশ্রম অনুসন্ধান সাফল্য

বাংলা সাহিত্যের ইতিহাস, যুগবিভাগ ও প্রাচীন যুগ

বাংলা ভাষা এবং লিপি

* বাংলার আদি অধিবাসীদের ভাষা ছিল অস্ট্রিক এবং আর্যদের ভাষার নাম ছিল প্রাচীন বৈদিক ভাষা।

* অধিকাংশের মতে, খ্রিস্টীয় দশম শতাব্দীতে বাংলা ভাষার উদ্ভব হয়।

* তবে, ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, খ্রিস্টীয় সপ্তম শতাব্দীতে বাংলা ভাষার উদ্ভব হয়।

* সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে, মাগধী প্রাকৃত ভাষা থেকে বাংলা ভাষার উদ্ভব এবং ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, গৌড়ী প্রাকৃত ভাষা থেকে বাংলা ভাষার উদ্ভব।

* দশম থেকে চতুর্দশ শতাব্দীকে বাংলা ভাষার আদিস্তরের স্থিতিকাল ধরা হয়। বাংলা ভাষা ইন্দো-ইউরোপীয় ভাষাগোষ্ঠীর অন্তর্গত।

* ইন্দো-ইউরোপীয় ভাষাগোষ্ঠীর মোট শাখা দুইটি। যথা- কেন্তম এবং শতম।

* ভারতীয় লিপিমালা মোট দুইটি। যথা- ব্রাহ্মী লিপি এবং খরোষ্ঠী লিপি।

* ব্রাহ্মী লিপি হতে বাংলা লিপি এবং বর্ণমালার উদ্ভব হয়।

RAISUL ISLAM HRIDOY

বাংলা সাহিত্যের যুগ

বাংলা সাহিত্যের যুগ বিভাগ মোট তিনটি ভাগে বিভক্ত।

১. আদিযুগ (৬৫০-১২০০ খ্রী:)

২. মধ্যযুগ (১২০১-১৮০০ খ্রী:)

৩. আধুনিক যুগ (১৮০১ খ্রী: -বর্তমান)

১. প্রাচীন যুগঃ (৬৫০/৯৫০ - ১২০০ খ্রী)

ড:মুহম্মদ শহীদুল্লাহর মতে বাংলা সাহিত্যের প্রাচীন যুগে (৬৫০-১২০০ খ্রীঃ / সপ্তম শতাব্দী থেকে দ্বাদশ শতাব্দী) প্রায় ৫৫০ বছর

ড: সুনীতিকুমার চট্টোপধ্যায়ের মতে বাংলা সাহিত্যের প্রাচীন যুগ (৯৫০-১২০০ খ্রীঃ / দশম শতাব্দী থেকে দ্বাদশ শতাব্দী) প্রায় ২৫০ বছর। প্রাচীন যুগের একমাত্র সাহিত্যের নিদর্শন – **চর্যাপদ।**

চর্যাপদঃ

* বাংলা ভাষার প্রথম কাব্য/কাবিতা সংকলন চর্যাপদ (বাংলা সাহিত্যর একমাত্র আদি নিদর্শন)।

* এটি বাংলা সাহিত্যের আদিযুগের একমাত্র লিখিত নিদর্শন।

* ড. হরপ্রসাদ শাস্ত্রী নেপালের রাজ দরবারের গ্রন্থাগার হতে ১৯০৭ সালে 'চর্যাচর্য বিনিশ্চয়' নামক পুথিটি আবিষ্কার করেন।

* চর্যাপদের সাথে 'ডাকার্ণব' এবং 'দোহাকোষ' নামে আরো দুটি বই নেপালের রাজ দরবারের গ্রন্থাগার হতে আবিষ্কৃত হয়। ১৯১৬ সালে সবগুলো বই একসাথে 'হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান এবং দোহা' নামে প্রকাশ করেন।

RAISUL ISLAM HRIDOY

* ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় তার বাঙলা ভাষার উৎপত্তি ও বিকাশ' নামক গ্রন্থে ধ্বনি তত্ত্ব ব্যাকরণ ও ছন্দ বিচার করে সিদ্ধান্ত গ্রহন করেন যে, পদসংকলনটি আদি বাংলা ভাষায় রচিত।

* এতে মোট ৫১টি পদ রয়েছে। তবে ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, চর্যাপদে মোট ৫০টি পদ রয়েছে। কয়েক পাতা নষ্ট হয়ে যাওয়ায় সর্বমোট সাড়ে ৪৬টি পদ পাওয়া গেছে। ২৩নং পদটি খন্ডিত আকারে উদ্ধার করা হয়েছে। ২৪, ২৫ এবং ৪৮ নং পদগুলো পাওয়া যায়নি।

* মোট পদকর্তা ২৪ জন। তার মধ্যে লাড়ীডোম্বীপার কোন পদ পাওয়া যায়নি।

* অনেকের মতে, চর্যাপদের আদিকবি লুইপা।

* ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, প্রাচীনতম চর্যাকার শবরপা এবং আধুনিকতম চর্যাকার সরহ বা ভুসুকুপা।

* কাহ্নপা সর্বাধিক ১৩টি পদ রচনা করেন।

* শবরপাকে চর্যাপদের বাঙালি কবি মনে করা হয়।

* চর্যাপদ মাত্রাবিত্ত ছন্দে রচিত।

* চর্যাপদ মানে আচরণ / সাধনা

* চর্যাপদ হচ্ছে কবিতা / গানের সংকলন

* চর্যাপদ হচ্ছে বৌদ্ধ সহজিয়া ধর্মের সাধনতত্ব

চর্যাপদ পাল ও সেন আমলে রচিত চর্যাপদ রচনার প্রেক্ষাপটঃ

* ১৮৮২ সালে রাজা রাজেন্দ্রলালমিত্র কিছু পুঁথি সাহিত্যের পরিচয় দিয়ে

* The Sanskrit Buddhist Literature in Nepal

* এই গ্রন্থটি পাঠ করে সবচেয়ে বেশী উৎসাহিত হন যার উপাধি মহামহোপাধ্যায়

* যিনি পরবর্তী কালে ১৯২১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান

* তিনি ১৯০৭ সালে ২য় বারের মত নেপাল গমন করেন।

* নেপালের রয়েল লাইব্রেরী থেকে একসঙ্গে ৪ টি গ্রন্থ আবিষ্কার করেন।এর একটি হচ্ছে চর্যাপদ

* বাকী ৩ টি হচ্ছে অপভ্রংশ ভাষায় রচিত- ১. সরহপদের দোহা, ২. কৃষ্ণপদের দোহা ও ৩. ডাকার্ণব

* উল্লেখিত ৪ টি গ্রন্থ একসঙ্গে কলিকাতার বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে প্রকাশিত হয়

RAISUL ISLAM HRIDOY

* ১৯১৬ সালে তখন চারটি গ্রন্থের একসংগের নাম দেওয়া হয় হাজার বছরের পুরানো বাঙ্গালা ভাষার বৌদ্ধ গান ও দোহা।

* এটি প্রকাশিত হবার পর পালি সংস্কৃত সহ বিভিন্ন ভাষাবিদ রা চর্যাপদকে নিজ নিজ ভাষার আদি নিদর্শন বলে দাবী করেন।

* এসব দাবী মিথ্যা প্রমাণ করেন ড. সুনীতি কুমার চট্টোপাধ্যায়

* ১৯২৬ সালে The Origin and Development of Bengali Language গ্রন্থে চর্যাপদ এর ভাষা বিষয়ক গবেষণা করেন এবং প্রমাণ করেন চর্যাপদ বাংলা ভাষার আদি নিদর্শন।

* ১৯২৭ সালে শ্রেষ্ঠ ভাষা বিজ্ঞানী ড. মুহম্মদ শহীদুল্লাহ চর্যাপদের ধর্মতত্ত্ব বিষয়ক গবেষণা করেন এবং প্রমাণ করেন যে চর্যাপদ বাংলাসাহিত্যের আদি নিদর্শন।

চর্যাপদের নামকরণঃ

১. আশ্চর্যচর্যচয় ২. চর্যাচর্য বিনিশ্চয় ৩. চর্যাশ্চর্য বিনিশ্চয় ৪. চর্যাগীতি কোষ ৫. চর্যাগীতি

চর্যাপদের পদসংখ্যাঃ মোট ৫১ টি পদ ছিল। ৪৬টি পূর্ণ পদ আবিস্কৃত হয়। আবিষ্কারের সময় উপরের পৃষ্ঠা ছেঁড়া থাকার কারনে সবগুলো পদ উদ্ধার করা সম্ভব হয়নি এবং পরে একটি পদের অংশবিশেষ সহ মোট সাড়ে ছেচল্লিশটি পদ আবিষ্কৃত হয়।

চর্যাপদে কবির সংখ্যাঃ

চর্যাপদে মোট ২৪ জন কবি পাওয়া যায় ১ জন কবির পদ পাওয়া যায়নি তার নাম – তন্ত্রীপা / তেনতরীপা সেই হিসেবে পদ প্রাপ্ত কবির মোট সংখ্যা ২৩ জন ।

উল্লেখযোগ্যকবি

১. লুইপা ২. কাহ্নপা ৩. ভুসুকপা ৪. সরহপা ৫. শবরীপা ৬. লাড়ীডোম্বীপা ৭. বিরুপা ৮. কুম্বলাম্বরপা ৯, ঢেন্ডনপা ১০. কুক্কুরীপা ১১. কঙ্কপা

কবিদের নাম শেষে পা দেওয়ার কারণঃ

পদ > পাদ > পা।

পাদ > পদ > পা।

পদ রচনা করেন যিনি তাদেরকে পদকর্তা বলা হত যার অর্থ সিদ্ধাচার্য / সাধক [এরা বৌদ্ধ সহজিয়া ধর্মের সাধক ছিলেন]। ২ টি কারণে নাম শেষে পা দেওয়া হতঃ

১. পদ রচনা করতেন ।

২. সম্মান / গৌরবসূচক কারনে।

লুইপাঃ চর্যাপদের আদিকবি, রচিত পদের সংখ্যা ২ টি।

কাহ্নপাঃ কাহ্নপার রচিত মোট পদের সংখ্যা ১৩ টি। তিনি সবচেয়ে বেশী পদ রচয়ীতা। উদ্ধার করা সম্ভব হয়েছে ১২ টি । তার রচিত ২৪ নং পদটি পাওয়া যায়নি।

ভুসুকপাঃ পদসংখ্যার রচনার দিক দিয়ে ২য় । রচিত পদের সংখ্যা ৮টি। তিনি নিজেকে বাঙ্গালী কবি বলে দাবী করেছেন। তার বিখ্যাত কাব্যঃ অপনা মাংসে হরিণা বৈরী অর্থ - হরিণ নিজেই নিজের শত্রু।

সরহপাঃ রচিত পদের সংখ্যা ৪ টি।

শবরীপাঃ রচিত পদের সংখ্যা ২ টি। গবেষকগণ তাকে বাঙ্গালী কবি হিসেবে চিহ্নিত করেছেন। বাংলার অঞ্চলে ভাগীরথী নদীর তীরে বসবাস করতেন বলে ধারণা করা হয়। যদি তিনি ভাগীরথী নদীর তীরে বসবাস না করতেন তাহলে বাঙ্গালী কবি হবেন না।)

কুক্কুরীপাঃ রচিত পদের সংখ্যা ২ টি। তার রচনায় মেয়েলী ভাব থাকার কারণে গবেষকগণ তাকে মহিলা কবি হিসেবে সনাক্ত করেন।

তন্ত্রীপাঃ উনার রচিত পদটি পাওয়া যায় নি। উনার রচিত পদটি ২৫ নং পদ।

ঢেন্ডনপাঃ চর্যাপদে আছে যে বেদে দলের কথা, ঘাঁটের কথা, মাদল বাজিয়ে বিয়ে করতে যাবার উৎসব, নব বধুর নাকের নথ ও কানের দুল চোরের চুরি করার কথা সর্বোপরি ভাতের অভাবের কথা ঢেন্ডনপা রচিত পদে তৎকালীন সমাজপদ রচিত হয়েছে। তিনি পেশায় তাঁতি ছিলেন ।

টালত মোর ঘর নাই পড়বেশী।

হাঁড়িতে ভাত নাই নিতি আবেশী

[আবেশী কথাটার ২টি অর্থ রয়েছে: ক্ল্যাসিক অর্থে – উপোস এবং রোমান্টিক অর্থে – বন্ধু]।

RAISUL ISLAM HRIDOY

চর্যাপদের ভাষাঃ

চর্যাপদ প্রাচীন বাংলা ভাষায় রচিত- এ বিষয়ে কোনও সন্দেহ নাই। কতিপয় গবেষক চর্যাপদের ভাষা প্রাচীন বাঙ্গালা মেনে নিয়েই এ ভাষাকে সান্ধ্য ভাষা / সন্ধ্যা ভাষা / আলো আঁধারের ভাষা বলেছেন।

অধিকাংশ ছন্দাসিক একমত – চর্যাপদ মাত্রাবৃত্ত ছন্দে রচিত।

প্রাচীন যুগের সাহিত্যের একমাত্র বৈশিষ্ট্য ছিল – ব্যাক্তি

মধ্য যুগের সাহিত্যের প্রধান বৈশিষ্ট্য ছিল - ধর্ম

আধুনিক যুগে সাহিত্যের প্রধান বৈশিষ্ট্য ছিল – মানবিকতা / মানবতাবাদ /

মানুষ সবচেয়ে বেশী সমৃদ্ধ / সমাদৃত - ১. কাব্য (গীতিকাব্য), ২. উপন্যাস, ৩. ছোটগল্প

বাংলা ভাষার উদ্ভব ও ক্রমবিকাশ

1) ড. মুহাম্মদ শহীদুল্লাহর মতে প্রাচীন যুগের পরিধি কত সাল পর্যন্ত স্থায়িত্ব ছিল? = ৬৫০-১২০০ সাল পর্যন্ত।

2) বাংলা ভাষার উৎপত্তি কোন শতাব্দীতে? = সপ্তম শতাব্দী।

3) মধ্য যুগের বাংলা ভাষার পরিধি কত সাল পর্যন্ত বিসতৃত ছিল? = ১২০১-১৮০০ সাল পর্যন্ত।

4) আধুনিক বাংলা ভাষার পরিধি কত সাল থেকে শুরু হয়েছে? = ১৮০১ সাল থেকে।

5) বাংলা গদ্যের ব্যাপক ব্যবহার শুরু হয় কখন থেকে? = আধুনিক যুগে।

6) ড. মুহাম্মদ শহীদুল্লাহর মতে খ্রীষ্টপূর্ব কত পূর্ব পর্যন্ত বাংলা ভাষার অস্তিত্ব ছিল? = পাঁচ হাজার বছর।

7) আর্য ভারতীয় গোষ্ঠীর প্রাচীনতম সাহিত্যেক ভাষার নাম কি? = বৈদিক ও সংস্কৃত ভাষা।

RAISUL ISLAM HRIDOY

8) বাংলা ভাষার মূল উৎস কোন ভাষা? = বৈদিক ভাষা।

9) বৈদিক ভাষা থেকে বাংলা ভাষা পর্যন্ত বিবর্তনের প্রধান তিনটি ধারা কি কি? = ক. প্রচীন ভারতীয় আর্য, খ) মধ্য ভারতীয় আর্য ভাষা গ) নব্য ভারতীয় আর্য ভাষা।

10) কোন ভাষা বৈদিক ভাষা নামে স্বীকৃত? - আর্যগণ যে ভাষায় বেদ-সংহিতা রচনা করেছেন সেই ভাষাই বৈদিক ভাষা।

11) কোন ব্যাকরণবিদের কাছে সংস্কৃত ভাষা চূড়ান্তভাবে বিধিবদ্ধ হয়? = ব্যাকরণবিদ পানিনির হাতে।

12) সংস্কৃত ভাষা কত অব্দে চূড়ান্তভাবে বিধিবদ্ধ হয়? = খ্রিষ্টপূর্ব ৪০০ দিকে।

13) কোন ভাষাকে প্রাকৃত ভাষা বলে? = খ্রিষ্টপূর্ব ৮০০ শতাব্দীর দিকে বৈদিক ভাষা বির্বতনকালীণ সময়ে দেশের প্রকৃতি পঞ্জ বা জনসাধারনের যে ভাষায় নিত্য নতুন কথা বলত তাকে প্রাকৃত ভাষা বলে।

14) প্রাকৃত ভাষা বিবর্তিত হয়ে শেষ যে স্তরে উপনীত হয় তার নাম কি? = অপভ্রংশ।

15) পানিনি রচিত গ্রন্থের নাম কি? = ব্যাকরণ অষ্টাধয়ী।

16) পানিণি কোন ভাষার ব্যাকরণকে শৃঙ্খলাবদ্ধ করেন? = সংস্কৃত ভাষা।

17) বাংলা ভাষার মূল উৎস কোনটি? = বৈদিক।

18) বাংলা ভাষার আদি সাহিত্যিক নিদর্শন কি? = শ্রীকৃষ্ণকীর্তন কাব্য।

19) বাংলা ভাষা কোন আদি বা মূল ভাষা গোষ্ঠীর অন্তর্গত? = ইন্দো-ইউরোপীয় ভাষা গোষ্ঠী।

20) বাংলা ভাষার উদ্ভব ঘটে কোন দশকে? = খ্রিষ্টিয় দশম শতকের কাছাকাছি সময়ে।

21) ভারতীয় আর্য ভাষার প্রাচীন রূপ কোথায় পাওয়া যায়? - প্রাচীন গ্রন্থ ঋগ্বেদের মন্ত্রগুলোতে।

22) কোন ভাষা থেকে বাংলা ভাষার উৎপত্তি? = মাগধী প্রাকৃত।

23) প্রাচীন ভারতীয় আর্য ভাষার স্তর কয়টি? তিনটি।

24) বৈদিক ভাষা হতে বাংলা ভাষায় বিবর্তনের প্রধান ধারা কয়টি? = তিনটি।

25) বাংলা ভাষা কোন গোষ্ঠীর বংশধর? = হিন্দ-ইউরোপী গোষ্ঠীর।

RAISUL ISLAM HRIDOY

26) বাংলা ভাষার সঙ্গে মিল খুঁজে পাওয়া যায় কোন ভাষার? = মুন্ডা ভাষার।

27) কোন লিপি থেকে বাংলা লিপির উদ্ভব ঘটেছে? = ব্রহ্মী লিপি।

28) ভারতীয় লিপিমালার প্রাচীনতম রূপ কয়টি ও কি কি? = দুইটি ক. খরোষ্ঠী, খ. বাহ্মী।

29) ভারতের মৌলিক লিপি কোন লিপিকে বলা বলে? = ব্রাহ্মী লিপি।

30) ব্রাহ্মী লিপির পূর্ববর্তী লিপি কোনটি? = খরোষ্ঠী লিপি।

31) ভারতীয় লিপিশালার প্রাচীনতম রূপ কোনটি? = দুইটি।

32) খ্রিষ্টপূর্ব ৩য় শতকে কোন শাসকের শাসনমালা ব্রাহ্মী লিপিতে উৎকীর্ন পাওয়া যায়?

= সম্রাট অশোক।

33) বাংলা লিপি ও বর্ণমালার উদ্ভব হয়েছে কোন লিপি থেকে? = কুটিল লিপি।

34) ব্রাহ্মী লিপির পূর্ববর্তী লিপি কোনটি ? = খরোষ্ঠী লিপি।

35) কোন যুগে বাংলা লিপি ও অক্ষরের গঠনকার্য শুরু হয় ? = সেন যুগে।

36) কোন যুগে বাংলা লিপির গঠনকার্য স্থায়ীরূপ লাভ করে? - প্রাচীন যুগে।

37) বাংলার প্রথম মুদ্রন প্রতিষ্ঠানের নাম কি ? = শ্রীরামপুর মিশন।

38) কত সালে শ্রীরামপুর মিশন' প্রতিষ্ঠিত হয় ? = ১৮০০ খ্রিষ্টাব্দে।

39) বাংলা ছাড়া ব্রাহ্মী লিপি থেকে আর কোন লিপির উদ্ভদ ঘটেছে ? = সিংহলী, শ্যামী, নবদ্বীপি, তিব্বতী ইত্যাদি।

40) বাংলা অক্ষর বা বর্ণমালা কোন সময়ে একচ্ছত্র প্রভাব বিস্তার লাভ করে ? = খ্রিঃ দশম একাদশ শতাব্দীর মধ্যে বাংলা অক্ষর বাংলায় একচ্ছত্র প্রভাব বিস্তার করে।

41) ব্রাহ্মী লিপির বিবর্তনের ধারায় কোন বর্নমালা থেকে বাংলা বর্নমালার উৎপত্তি ? = পূর্ব ভারতীয় বর্ণমালা কুটিল থেকে বাংলা বর্ণমালা উৎপত্তি।

42) কোন কোন লিপির উপর বাংলা লিপির প্রভাব বিদ্যমান ? = উড়িষ্যা মৈথিলি ও আসামী লিপির উপর।

43) বাংলা গদ্যের বিকাশে বলিষ্ঠ ভূমিকা পালন করে? = সাময়ীক পত্র।

44) বাংলা সাহিত্যের প্রথম নিদর্শন কি? = চর্যাপদ।

RAISUL ISLAM HRIDOY

45) চর্যাপদ রচনা করেন কারা ? = বৌদ্ধ সিদ্ধাচার্যগণ।

46) চর্যাপদ কোন যুগের নিদর্শন? = আদি/ প্রাচীন যুগ।

47) চর্যাপদের পুঁথিকে কোথা কে এবং কখন আবিস্কার করেন? = মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী ১৯০৭।

48) চর্যাপদের রচনা কাল কত? = সপ্তম -দ্বাদশ শতাব্দী।

49) চর্যাপদ কোন ভাষায় রচিত হয়? = বঙ্গকামরুপী ভাষায়।

50) চর্যাপদ কোথায় পাওয়া যায়? = নেপালের রাজ দরবারের গ্রন্থাগারে।

51) টীকাকার মুনিদত্তের মতানুসারে চর্যাপদের নাম কি ? = আশ্চর্য চর্যাচয়।

52) নেপালে প্রাপ্ত পুঁথিতে পদগুলির কি নাম দেয়া হয়েছে ? = চর্যাচর্য বিনিশ্চয়।

53) চর্যাপদের ভাষাকে কে বাংলা ভাষা দাবি করেছেন? = অধ্যাপক সুনীতি কুমার চট্টোপাধ্যয়।

54) চর্যার প্রাপ্ত পুঁথিতে কোন কোন সংখ্যক পদে সম্পূর্ন পাওয়া যায় নি ? = ২৪, ২৫, ৪৮ সংখ্যক পদ।

55) চর্যার প্রাপ্ত কোন পদটির শেষাংশে পাওয়া যায় নি ? = ২৩ সংখ্যক পদ।

56) চর্যাগীতিকা হরপ্রসাদ শাস্ত্রী কর্তৃক কবে প্রকাশিত হয়েছিল ? = ১৯১৬ সালে।

57) চর্যা সংগ্রহটিতে সর্বসমেত কয়টি চর্যাগীতি ছিল? = ৫১ টি।

58) সর্বসমেত কয়টি চর্যাগীতি পাওয়া গিয়েছে? = সাড়ে ছেচল্লিশটি।

59) সবচেয়ে বেশী পদ কে রচনা করেছেন ? = কাহ্নপা-১৩ টি।

60) চর্যাপদের রচয়িতা কে কারা ? = কাহ্নপা, লুইপা, কুক্কুরীপা, ভুসুকু, সরহপাদ সহ মোট ২৪ জন পদকর্তা।

61) চর্যাপদ কোন সময়ে রচিত হয় ? = সপ্তম থেকে দ্বাদশ শতাব্দীর মধ্যবর্তী সময়ে।

62) চর্যাপদের পদগুলো কোন কোন ভাষায় রচিত বলে দাবি করা হয়? = চর্যাপদের পদগুলো বাংলা, হিন্দী, মেথিলী, অসমীয় ও উড়িয়া ভাষায়।

63) চর্যাপদের তিব্বতী অনুবাদ কে আবিস্কার করেন? = ডঃ প্রবোধচন্দ্র বাগচী।

RAISUL ISLAM HRIDOY

64) চর্যাপদের ভাষায় কোন অঞ্চলের নমুনা পরিলক্ষিত হয়? = পশ্চিম বাংলার প্রাচীনতম কথ্য ভাষার।

65) ডঃ সুনীতি কুমার চট্টোপাধ্যয় কবে চর্যাপদে ভাষা বাংলা বলে প্রমান করেন? = ১৯২৬ সালে।

66) চর্যাপদ কোন ছন্দে রচিত ? = মাত্রাবৃত্তে ছন্দে।

67) চর্যাপদের পুঁথি নেপালে যাবার কারন কি? = তুর্কী আক্রমনকারীদের ভয়ে পন্ডিতগণ তাদের পুথি নিয়ে নেপালে পালিয়ে গিয়ে শরনার্থী হয়েছিলেন।

68) কীর্তিলতা পুরুষ পরীক্ষা বিভাগসার প্রভৃতি সাহিত্যকর্মের রচয়িতা কে? = মিথিলার কবি বিদ্যাপতি।

69) রাজা লক্ষন সেনের রাজসভার পঞ্চরত্ন কে কে ছিলেন? = উমাপতিধর, শরণ, ধোয়ী, গোবর্ধন আচার্য ও জয়দেব।

70) গীত গোবিন্দ কাব্যগ্রন্থের রচয়িতার নাম কি ? = জয়দেব।

71) ব্রজবুলী ভাষার উদ্ভব কখন হয়? = কবি বিদ্যাপতি যখন মৈথিল ভাষায় রাধাকৃষ্ণ লীলার গীতসমূহ রচনা করেন।

72) ব্রজবুলি ভাষা কোন জাতীয় ভাষা? = মৈথলী এবং বাংলা ভাষার মিশ্রনে সৃষ্টি হয়।

73) ব্রজবুলি কোন স্থানের উপভাষা ? = মিথিলার উপভাষা।

74) ব্রজবুলি ভাষার বিখ্যাত সাহিত্যিকের/শ্রেষ্ঠ কবি নাম কি? = বিদ্যাপতি এবং জয়দেব।

75) চন্ডীদাস সমস্যা কি? = বাংলা সাহিত্য একাধিক পদকর্তা নিজেকে চন্ডীদাস পরিচয় দিয়ে যে সমস্যা সৃষ্টি করেছেন তাই চন্ডীদাস সমস্যা ।

76) বাংলা সাহিত্যে স্বীকৃত চন্ডীদাস কয়জন? তিনজন। বড়ু চণ্ডীদাস, দীন চণ্ডীদাস, এবং দ্বীজ চণ্ডীদাস।

RAISUL ISLAM HRIDOY

প্রাচীন সাহিত্যের পৃষ্ঠপোষকগণ

1) চর্যাপদ কোন প্রতিষ্ঠানের পৃষ্ঠপোষকতায় পুনরুদ্ধার করা হয়েছে? = বঙ্গীয় সাহিত্যে পরিষদ।

2) মধ্যযুগে বাংলা সাহিত্যের পৃষ্ঠপোষকতায়অগ্রণী ভূমিকা পালন করে? = পাঠান সুলতানগণ।

3) মধ্যযুগে বাংলা সাহিত্যে কোন ধর্ম প্রচারকের প্রভাব অপরিসীম? = শ্রী চৈতন্যদেব।

4) কার অনুপ্রেরণায় মহাভারতের অশ্বমেধ পর্ব অনূদিত হয়? = নাসিরউদ্দিন নসরৎ শাহের।

5) কার রাজত্বকালে বাংলার লৌকিক কাহিনী মনসামঙ্গল রচিত হয়? = হুসেন শাহের।

6) চৈতন্য ভাগবত কার সময় রচিত হয়? = গিয়াসুদ্দীন মাহমুদ শাহের।

7) কার পৃষ্ঠপোষকতায় কৃত্তিবাস রামায়ণের অনুবাদ করেন? = জালালুদ্দিন মুহম্মদ শাহের।

8) কবি বিদ্যাপতি ও শেখ কবির কার আদেশে বৈষ্ণবপদ কাব্য রচনা করেন? = নাসির উদ্দিন নসরৎ শাহের।

9) কবি বিজয়গুপ্ত কার আদেশে মনসামঙ্গল কাব্য রচনা করেন? = আলাউদ্দিন হুসেন শাহের।

10) বাংলা সাহিত্যের পৃষ্ঠপোষকতার জন্য বিখ্যাত শাসক? = আলাউদ্দিন হুসেন শাহ।

11) গিয়াসউদ্দিন আজম শাহের পৃষ্ঠপোষকতায় শাহ মুহম্মদ সগীর কোন কাব্যটি রচনা করেন? = ইউসূফ- জুলেখা।

12) নসীয়তনামা কাব্য কার পৃষ্ঠপোষকতায় রচিত? = শ্রীসুধর্মের।

13) কার আদেশে সয়ফুল-মূলক রচিত হয়? = সৈয়দ মুসার আদেশে।

14) কার আদেশে আলাওল সতীময়না কাব্য রচনা করেন? = লস্কর উজীর আশরাফ খানের।

15) কবি জৈনুদ্দিন কার সভাকবি ছিলেন? = গৌড়ের সুলতান ইউসুফ শাহের।

16) রসুল বিজয় কাব্য কার অনুপ্রেরণায় রচিত হয়? = শামসুদ্দীন ইউসূফ শাহের।

RAISUL ISLAM HRIDOY

17) মহা বংশাবলী নামক সামাজিক ইতিহাস গ্রন্থের পৃষ্ঠপোষক কে? = সুলতান জালালউদ্দিন ফতেহ-ইশাহ।

18) বাংলায় সর্বপ্রথম বিদ্যাসাগর কাহিনী কার আমলে রচিত হয়? = হুসেন শাহের আমলে।

19) কার পৃষ্ঠপোষকতায় ভারতচন্দ্র বিদ্যাসুন্দর রচনা করেন? = রাজা কৃষ্ণ চন্দ্রের।

20) কোন কবি গিয়াস উদ্দীন আযম শাহের রাজা কর্মচারী ছিলেন? = শাহ মুহম্মদ সগীর।

21) কবি মালাধর বসুর পৃষ্ঠপোষক কে ছিলেন? = শামসউদ্দিন ইউসুফ শাহ।

22) রাজা লক্ষন সেনের সভাকবি কে ছিলেন? = ভারতচন্দ্র ।

23) হোসেন শাহের পৃষ্ঠপোষকতায় কে কাব্য চর্চা করেন? = রূপ গোস্বামী।

24) কবীন্দ্র পরমেশ্বর কার আদেশে বাংলায় মহাভারত রচনা করেন? = পরাগল খানের।

25) ছুটি খানের সভাকবি কে ছিলেন? = শ্রীকর নন্দী।

26) আলাওল পদ্মাবতী রচনা করেন? = মাগন ঠাকুরের অনুরোধে।

27) কবি হাফিজকে বাংলাদেশে আমন্ত্রণ জানিয়েছিলেন কোন নৃপতি? = গিয়াসউদ্দিন আজম শাহ।

বাংলা সাহিত্যের প্রাচীন সাহিত্য ধারা

1) বাংলা সাহিত্যের প্রধান প্রধান সাহিত্য ধারা কি কি? = উঃ গীতিকবিতা, মহাকাব্য, উপন্যাস, গল্প, নাটক, প্রহসন, প্রবন্ধ, অভিসন্দর্ভ, সমালোচনা, পত্র সাহিত্য, জীবনী সাহিত্য ইত্যাদি।

2) মধ্যযুগের অন্যতম সাহিত্য ধারা কি কি ? = উঃ বৈষ্ণব পদাবলী, জীবনী সাহিত্য, মঙ্গল কাব্য, কবিগান, পুঁথি সাহিত্য, অনুবাদ সাহিত্য, মর্সিয়া সাহিত্য ইত্যাদি।

3) আধুনিক যুগের সাহিত্য ধারা কি কি ? = উঃ মহাকাব্য, গীতিকাব্য, উপন্যাস, নাটক, ছোটগল্প, প্রহসন,প্রবন্ধ, নিবন্ধ, অভিসন্দর্ভ, সমালোচনা, আত্মজীবনীমূলক সাহিত্য, পত্র সাহিত্য, গীতিনাট্য ইত্যাদি।

RAISUL ISLAM HRIDOY

মধ্যযুগ-(অন্ধকার যুগ, শ্রীকৃষ্ণকীর্তনকাব্য, মঙ্গলকাব্য

বাংলা সাহিত্যের ইতিহাসে মধ্যযুগের (১২০০-১৮০০ খ্রিস্টাব্দ)শুরুতে (১২০০-১৩৫০ খ্রিস্টাব্দ)সময়কে কোন কোন গবেষক বাংলা সাহিত্যের অন্ধকার যুগবলে অভিহিত করে থাকেন। ১২০৪ খ্রিস্টাব্দ তুর্কী বীর ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বখতিয়ার খিলজির বাংলা বিজয়ের পর বাংলায় মুসলিম শাসনের গোড়াপত্তন হয়। কেউ কেউ মনে করেন এই রাজনৈতিক পরিবর্তন বাংলার শিক্ষা সমাজ এবং সাহিত্যকে ঋণাত্মক ভাবে প্রভাবিত করে, যে কারণে কোন উল্লেখযোগ্য সাহিত্যকর্ম সৃষ্টি হয় নি। ১৩৪২ খ্রিস্টাব্দে বড়ু চণ্ডীদাস রচিত শ্রীকৃষ্ণকীর্তন রচনার আগ পর্যন্ত এসময়টাই অন্ধকার যুগ। তবে এটি একটি বিতর্কিত অভিধা।

অন্ধকার যুগঃ (১২০১-১৩৫০ খ্রী) অন্ধকার যুগ এমন একটি যুগ যে যুগে বাংলা সাহিত্যের কোনও নিদর্শন পাওয়া যায়নি অন্ধকার যুগ সৃষ্টি করার জন্য দায়ী করা হয় তুর্কি সেনাপতি ইখতিয়ার উদ্দিন বিন মোহাম্মদ বখতিয়ার খিলজীকে। তিনি ১২০১ সালে মতান্তরে ১২০৪ সালে হিন্দু সর্বশেষ রাজা লক্ষণ সেন কে পরাজিত করে এ অঞ্চলে মুসলিম শাসন প্রতিষ্ঠা করে। অন্ধকার যুগে বাংলা সাহিত্যের কোনও নিদর্শন না মেললেও সংস্কৃত সাহিত্যের নিদর্শন মেলে। যেমনঃ ১/ রামাই পন্ডিতের "শূণ্যপুরাণ" ২/ হলায়ুধ মিশ্রের "সেক শুভোদয়া"

মধ্যযুগের বেশ কিছু কাব্যঃ

১. শ্রীকৃষ্ণকীর্তন কাব্য ২. বৈষ্ণপদাবলী ৩. মঙ্গলকাব্য ৪. রোমান্টিক কাব্য ৫. আরাকান রাজসভায় বাংলা সাহিত্য ৬. পুঁথি সাহিত্য ৭. অনুবাদ সাহিত্য ৮. জীবনী সাহিত্য ৯. লোকসাহিত্য ১০, মর্সিয়া সাহিত্য ১১. কবিয়ালা ও শায়ের ১২. ডাক ও খনার বচন ১৩. নথিসাহিত্য

মধ্যযুগে অন্য সাহিত্যের কিছু নমুনা পাওয়া যায়ঃ

১. পত্র ২. দলিল দস্তাবেজ, ৩. আইন গ্রন্থের অনুবাদ তবে এগুলো সাহিত্যের মানে উত্তীর্ণ হতে পারে নি।

শ্রীকৃষ্ণকীর্তনকাব্যঃ

* বাংলাসাহিত্যের মধ্যযুগে প্রবেশ করলে প্রথম কাব্য শ্রীকৃষ্ণকীর্তন

* বাংলা সাহিত্যের ২য় গ্রন্থ শ্রীকৃষ্ণকীর্তন

* কোনো একক কবির রচনা হিসেবে শ্রীকৃষ্ণকীর্তন বাংলা সাহিত্যের প্রথম কাব্য।

* শ্রীকৃষ্ণকীর্তনকাব্য রচনা করেছেন একজন কবি যার নাম বড়ুচণ্ডীদাস । পক্ষান্তরে চর্যাপদের পদকর্তা ২৪ জন।

রচনাকালঃ চতুর্দশ শতাব্দীর শেষ দিকে পনের শতাব্দীর শুরুতে রচিত হয়।

বিষয়বস্তুঃ এ কাব্যে মোট ১৩টি খন্ড রয়েছে। এ কাব্যে প্রথম থেকে শেষ পর্যন্ত রাঁধা-কৃষ্ণ এর প্রেমলীলা বর্ণনা করা হয়েছে।

প্রেক্ষাপটঃ এ কাব্যটি রচনার ৫০০ বছর পর আবিষ্কার করা হয়। বর্তমানে কাব্যটির বয়স ৬০০ বছর। ১৯০৯ সালে বসন্ত রঞ্জন রায় যার উপাধী বিদ্বদ্বল্লভ। তিনি ভারতের পশ্চিমবঙ্গের বাকুড়া জেলারকোকিলা গ্রামে এক গৃহস্থলীর গোয়াল ঘরের টিনের চালের নীচ থেকে আবিষ্কার করেন। ১৯১৬ সালে কলকাতা বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে প্রকাশিত হয় শ্রীকৃষ্ণসন্দর্ভ যা পরে নামপরিবর্তন করে শ্রীকৃষ্ণকীর্তনকাব্য রাখা হয়।

শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের প্রধান চরিত্রঃ ১রাঁধা ২.কৃষ্ণ ৩.বড়াই।

১. রাঁধাঃ এ কাব্যে রাঁধা কেন্দ্রীয় নারী তথা নায়িকা চরিত্রে ঘোষ পরিবারে জন্ম। অপূর্ব সুন্দরীরাঁধার বিয়ে হয় বীরপুরুষ আয়েন ঘোষ / আইহেন ঘোষ এর সাথে। আয়েন ঘোষের গৃহে রাঁধারদেখাশুনার দায়িত্বভার পরে তার পিসিমা বড়াই এর উপর। পৌরাণিক কাহিনী মতে রাঁধামানবাত্মার প্রতীক। এ কাব্যে রাঁধা। রক্তমাংসে গড়া এক নারী যার মনে প্রেম আছে আবার দেহিককামনা বাসনা চরিতার্থ করার আকাংখাও আছে।

২. কৃষ্ণঃ এ কাব্যের কেন্দ্রীয় পুরুষ চরিত্র। তার প্রধান গুণ বাঁশীবাদক | বংশীবাদক। তার প্রধানপরিচয় রাঁধার প্রেমিক রুপে। রাঁধা সম্পর্কে কৃষ্ণের প্রতিবেশী মামী ছিলেন। পৌরাণিককাহিনীমতে কৃষ্ণ হচ্ছে ভগবান / স্রষ্টা / পরমাত্মা। কিন্তু এ কাব্যে রক্তমাংসে গড়া এক যুবক।

৩. বড়াইঃ বড়াই এ কাব্যের ৩য় চরিত্র। রাঁধা কৃষ্ণের প্রেম সম্পর্ক সৃষ্টিতে বড়াই এর ভূমিকাসবচেয়ে বেশী। এজন বড়াইকে রাঁধা-কৃষ্ণের প্রেমের দূতী বলা হয়।

কবির পরিচয়ঃ এ কাব্যের কবি হলেন বড়ুন চন্ডীদাস। এট তার ছদ্মনাম বা উপাধি। তার প্রকৃত নাম। অনন্ত বড়ুয়া / অনন্ত বড় নাট্যপালার সাথে সম্পৃক্ত ছিলেন সেকারণে | অনন্ত বড়াই। তিনি যাত্রাপালা / নাটকীয় ভঙ্গিতে তিনি এই কাব্যরচনা করেন।

বড়ুচন্ডীদাসঃ

* শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রচয়িতা বড়ুচণ্ডীদাস। যদিও তাঁর আত্মপরিচয় বা জীবনকথা জাতীয়কিছু পাওয়া যায় না বলে তাঁর প্রকৃত পরিচয় কিছুটা ধোঁয়াশাচ্ছন্ন।

* কাব্যে তাঁর তিনটি ভণিতা পাওয়া যায় — 'বড়চণ্ডীদাস', 'চণ্ডীদাস' ও 'আনন্ত বড়ুচণ্ডীদাস'। এর মধ্যে 'বড়চণ্ডীদাস বার ১০৭ ভণিতা মিলেছে '২৯৮টি স্থানে ও চণ্ডীদাস ভণিতা মিলেছে ' শব্দটি 'আনন্ত' ১৭টি পদে ব্যবহৃতপ্রক্ষিপ্ত বলেই মনে করা হয়।

* ডঃ মিহির চৌধুরী কামিল্যা মনে করেন, চণ্ডীদাস তাঁর নাম এবং বড়প্রকৃতপক্ষে তাঁর কৌলিক উপাধি বাঁড়জ্যে বা বন্দ্যোপাধ্যায়ের অপভ্রংশ।

* কবি চৈতন্য পূর্ববর্তীকালের মানুষ।

* সম্ভবত পঞ্চদশ শতাব্দীর প্রথম দিকে তিনি জীবিত ছিলেন। বাংলাসাহিত্যে চণ্ডীদাস সমস্যা এবং পদাবলির চণ্ডীদাসকে নিয়ে বাঁকুড়া ও বীরভূমের মধ্যে যতবিবাদই বিদ্যমান থাকুক না কেন, ডঃ মিহির চৌধুরী কামিল্যা ভাষাতাত্ত্বিক তথ্যপ্রমাণের সাহায্যেপ্রমাণ করেছেন, শ্রীকৃষ্ণকীর্তন' রচয়িতা বড়ুচণ্ডীদাস বাঁকুড়া জেলার সদর মহকুমাস্থ ছাতনার অধিবাসী ছিলেন।

* বড়চণ্ডীদাস বাসলী দেবীর উপাসক ছিলেন। এই বাসলী দেবী প্রকৃতপক্ষেশক্তিদেবী মনসার অপর নাম।

বৈষ্ণুপদাবলীঃ

* বাংলা সাহিত্যের মধ্যযুগে একজন মহামানবের আগমন ঘটে তার নাম শ্রীচৈতন্যদেব। তার প্রচারিত ধর্মের নাম বৈষ্ণব ধর্ম। তার জীবন ও তার প্রচারিত ধর্ম মধ্যযুগের একশ্রেণী পদাবলীসাহিত্য রচিত হয় যার নাম বৈষ্ণপদাবলী হিসেবে পরিচিত। বৈষ্ণপদাবলী কে কড়চা নামেও বলাহয়ে থাকে।

* বৈষ্ণপদাবলীর আদি কবি — চন্ডীদাস

* তার বিখ্যাত বাণী — সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই

* বৈষ্ণপদাবলীর আরেক কবি জ্ঞানদাস বিদ্যাপতীঃ পদাবলী সাহিত্যের শ্রেষ্ঠ কবি। তিনি কিন্তু বাঙ্গালী ছিলেন না। আবার বাংলায় কোনও পদ রচনাকরেননি।

তার অধিকাংশ রচনা সংস্কৃত ও ব্রজবুলি ভাষায় তাকে মিথিলার কোকিল / মৈথিলীকোকিল বলা হয়ে থাকে। তাকে কণ্ঠহার নামেও ডাকা হয়।

ব্রজবুলীঃ

* এটি একটি ভাষার নাম। এর আক্ষরিক অর্থ ব্রজ অঞ্চলের বুলি / কথা / ভাষা।

* ব্রজবুলী হচ্ছে একপ্রকার কৃত্রিম মিশ্র ভাষা / কাব্যিক ভাষা।

* এটি কখনই জনসাধারণের মুখের ভাষা ছিলনা। তবে রাঁধা কৃষ্ণ এই ভাষায় প্রেমালাপ করতেন বাংলা সাহিত্যে মধ্যযুগে কোনও প্রকার পদ রচনা না করেও পদাবলী সাহিত্যে / মধ্যযুগে বাংলাসাহিত্যে অমর হয়ে আছেন শ্রীচৈতন্যদেব। তার জীবনকে নিয়েই যুগের সৃষ্টি হয়েছে।

১. শ্রীচৈতন্যদেব পূর্ব যুগ (১৪০১-১৫০০)

২. শ্রীচৈতন্যদেব যুগ (১৫০১-১৬০০)

৩. শ্রীচৈতন্যদেব পরবর্তী যুগ (১৬০১-১৭০০)

মঙ্গলকাব্যঃ

* মঙ্গল অর্থ শুভ বা কল্যাণ।

* মধ্যযুগে হিন্দু ধর্মাবল্বী দিবদেবী নির্ভর এক আখ্যান(কাহিনী) কাব্য রচনাকরেন যা মঙ্গল কাব্য নামে পরিচিত।

* মঙ্গলকাব্যের রচনাকাল পঞ্চদশ শতাব্দী থেকে অষ্টাদশ শতাব্দীপর্যন্ত প্রায় চারশত বছর)। মঙ্গলকাব্যের নামকরণ হবার কারণ ২টি।

* এক মঙ্গলবার পাঠ শুরু করে আর এক মঙ্গল বার শেষ করা হতো।

* মঙ্গল কাব্য পাঠ করলে বা শ্রবণ করলে বা ঘরে রাখলে সকল মঙ্গল সাধিত হত।

মঙ্গলকাব্যের শাখা তিনটি। যথা:

১. মনসামঙ্গল

২. চন্ডীমঙ্গল

৩. ধর্মমঙ্গল।

RAISUL ISLAM HRIDOY

তিনটি শাখার আদি কবি যথাক্রমে-

১. মনসা মঙ্গল - কানা হরি দত্ত।

২. চন্ডীমঙ্গল — আদি কবি- মানিক দত্ত (চতুর্দশ শতক), প্রধান কবি- মুকুন্দরাম চক্রবর্তী। উপাধি- "কবি কঙ্কণ"

৩. ধর্মমঙ্গল — ময়ুর ভট্ট।

* অন্নদা মঙ্গল কাব্যের প্রধান কবি ভারত চন্দ্র রায় গুণাকর।

* মনসা মঙ্গল কাব্যের অপর নামপদ্মপুরাণ(১৪৯৮ খ্রীঃ)।

* মনসা মঙ্গল কাব্যের কয়েকজন কবির নাম হল- নারায়ণ দেব ,বিজয়গুপ্ত , দ্বিজবংশীদাস। ,বিপ্রদাসপিপিলাই

* বিপ্রদাস পিপিলাই রচিত মনসামঙ্গল কাব্যের নাম "মনসা বিজয়"।

*মধ্যযুগের সবচাইতে প্রতিবাদী চরিত্র মনসা মঙ্গল কাব্যের চাঁদ সওদাগর।

*মনসামঙ্গল কাব্যের ২২ জন ছোট-বড় কবিকে একত্রে বাইশা বলা হয়।

*মঙ্গল ধারার তথা মধ্যযুগের শেষ কবি ভারতচন্দ্র রায় গুণাকর।

*ভারতচন্দ্রকে উপাধি দেন নবদ্বীপ বা নদীয়ার রাজা "গুণাকর" কৃষ্ণচন্দ্র।

* "চৈতন্যমঙ্গল" ও " গোবিন্দ মঙ্গলকাব্য দুটির শেষে মঙ্গল থাকলেও এগুলো মঙ্গল কাব্য নয় এগুলো বৈষ্ণব সাহিত্যের অংশ।

*একটি স্বার্থকমঙ্গল কাব্যের বৈশিষ্ট্য ৫ টি।

মঙ্গল কাব্য বিস্তারিত

* যেকোন মঙ্গল কাব্যের ৫টি অংশ থাকবে। যথা- ১. বন্দনা ২. আত্মপরিচয় ও গ্রন্থ উৎপত্তির কারণ ৩. দেবখন্ড ৪. মর্তখন্ড ৫. ফলশ্রুতি।

* মঙ্গল কাব্যের উল্লেখযোগ্য শাখা এবং ধারাগুলো হলো- মনসামঙ্গল কাব্য, চন্ডীমঙ্গল কাব্য, অন্নদামঙ্গল কাব্য, ধর্মমঙ্গল কাব্য এবং কালিকামঙ্গল কাব্য।

RAISUL ISLAM HRIDOY

মনসামঙ্গল কাব্য

* সাপের অধিষ্ঠাত্রী দেবী মনসা দেবীর কাহিনী নিয়ে রচিত হয় মনসামঙ্গল কাব্য।

* মনসামঙ্গল কাব্যের আদি কবি কানা হরিদত্ত। মনসামঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবি হলেন বিজয় গুপ্ত।

* মনসামঙ্গল কাব্যের উল্লেখযোগ্য চরিত্র হলো- চাদ সাদাগর, বেহুল এবং লখিন্দর। চন্ডীমঙ্গল কাব্য

* চন্ডী দেবীর কাহিনী অবলম্বনে রচিত হয় চন্ডীমঙ্গল কাব্য।

* চন্ডীমঙ্গল কাব্যের আদি কবি হলেন মানিক দত্ত এবং শ্রেষ্ঠ কবি হলেন মুকুন্দরাম চক্রবর্তী।

* চন্ডমঙ্গল কাব্যের উল্লেখযোগ্য চরিত্র গুলো হল- কালকেতু, ফুল্লরা, ধনপতি, খুল্লনা, ভাড় দত্ত এবং মুবারিশীল। অন্নদামঙ্গল কাব্য

* দেবী অন্নদার গুণকীর্তন রয়েছে অন্নদামঙ্গল কাব্যে।

* অন্নদামঙ্গল কাব্যের প্রধান কবি ভারতচন্দ্র রায় গুণাকর। তিনি মধ্যযুগের সর্বশেষ কবি। ভারতচন্দ্রের মাধ্যমেই মধ্যযুগের পরিসমাপ্তি ঘটে। তিনি নবদ্বীপের মহারা কৃষ্ণচন্দ্রের সভাকবি ছিলেন।

* অন্নদামঙ্গল কাব্যের উল্লেখযোগ্য চরিত্র গুলো হল- মানসিংহ, ভবানন্দ, বিদ্যা, সুন্দর এবং মালিনী। ধর্মমঙ্গল কাব্য

* ডোম সমাজের দেবতা ধর্মঠাকুরের মাহাত্ম প্রচারের জন্য 'ধর্মমঙ্গল কাব্য ধারার সূত্রপাত হয়েছে।

* ধর্মমঙ্গল কাব্যের আদি কবি ময়ূরভট্ট। কালিকামঙ্গল কাব্য

* অপূর্ব রূপ গুণান্বিত রাজকুমার সুন্দর এবং বীরসিংহের অতুলনীয়া সুন্দরী কন্যা বিদ্যার গুপ্ত প্রণয়কাহিনী কালিকামঙ্গল কাব্যের মূল উপজীব্য বিষয়।

* কালিকামঙ্গল কাব্যের আদি কবি হলেন কবি কঙ্ক।

মধ্যযুগ-মুসলিম সাহিত্য,অনুবাদ সাহিত্য

মধ্যযুগে মুসলিম কবিগণ রচনা করেন রোমান্টিক কাব্য। পক্ষান্তরে হিন্দুধর্মাবলী কবিগণ রচনা করেন দেব দেবী নির্ভর আখ্যান / কাহিনী কাব্য। মধ্যযুগে সতের শতকে বাংলার বাইরে আরাকান রাজসভায়। বাংলাভাষা ও সাহিত্যের চর্চা হয়।

RAISUL ISLAM HRIDOY

মধ্যযুগে দুটো বিরাম চিহ্ন ছিল। (১)বিজোড় সংখ্যক লাইনের পর এক দাড়ি (২) জোড় সংখ্যক লাইনের পর দুই দাড়ি।

মুসলিম সাহিত্যঃ

* বাংলা সাহিত্যের প্রথম মুসলিম কবি শাহ মুহম্মদ সগীর (১৫ শতক)

* "ইউসুফ-জোলেখা" কাব্যগ্রন্থটি লিখেছেন শাহ মুহম্মদ সগীর, গিয়াস উদ্দিন আযম শাহ এর আমলে।

* শাহ মুহম্মদ সগীর বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক কবি এবং ইউসুফ-জোলেখা বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক কাব্য।

*ইউসুফ-জোলেখা আরও লিখেন আব্দুল হাকিম, ফকির গরীবুল্লাহ, ফকির মুহম্মদ প্রমুখ।

* দৌলত উজির বাহরাম খান রচিত কাব্য - লায়লী-মজনু, জঙ্গনামা।

* কোরেশী মাগন ঠাকুরের উতসাহে আলাওল কাব্য রচনা করেন।

* কোরেশী মাগন ঠাকুরের কাব্যগ্রন্থ - চন্দ্রাবতী

* মর্সিয়া আরবী শব্দ যার অর্থ শোক করা, বিলাপ করা।

* মর্সিয়া সাহিত্যের আদিকবি শেখ ফয়জুল্লাহের গ্রন্থের নাম জয়নাবে চৌতিশা।

* আব্দুল হাকিমের রচিত কাব্য ইউসুফ-জোলেখা, নূরনামা

* আলাওল এর রচিত কাব্যগ্রন্থ - পদ্মাবতী, সয়ফুলমূলক, বদিউজ্জামান, সিকান্দার নামা

অনুবাদ সাহিত্যঃ

* সংস্কৃত ভাষায় লিখিত পৌরাণিক কাব্য মহাভারতের মূল রচয়িতা কৃষ্ণ দ্বৈপায়ন ব্যাস দেব।

*মহাভারত প্রথম বাংলা অনুবাদ করেন কবীন্দ্র পরমেশ্বর।

RAISUL ISLAM HRIDOY

* সুলতান হোসেন শাহের সেনাপতি পরাগল শাহ'র পৃষ্ঠপোষকতায় কবীন্দ্র পরমেশ্বর মহাভারত রচনাকরেন যা "পরাগলী মহাভারত" নামে পরিচিত।

* সংস্কৃত ভাষায় লিখিত পৌরাণিক মহাকাব্য রামায়ণের মূল রচয়িতা বাল্মীকি।

* রামায়ণ প্রথম বাংলায় অনুবাদ করেন কৃত্তিবাস ওঝা।

* রামায়ণের প্রথম মহিলা অনুবাদক - চন্দ্রাবতী।

* শাহনামা মৌলিক গ্রন্থের রচয়িতা - ইরানের কবি ফেরদৌসি, বাংলা অনুবাদক - মোজাম্মেল হক। মধ্যযুগে অনুবাদ হয়েছে প্রধানত সংস্কৃত থেকে (মহাভারত, রামায়ণ, ভাগবত), হিন্দী সাহিত্য থেকে এবং আরবি-ফারসি সাহিত্য থেকে।

রামায়ণ:

* খ্রিস্টপূর্ব চতুর্থ শতকে বাল্মীকি (বাল্মীকির মূল নাম দস্যু রত্নাকর) সংস্কৃত ভাষায় রামায়ণ রচনা করেন।

* রামায়ণ সাত খন্ডে রচিত, এতে শ্লোকসংখ্যা ২৪০০০।

* রামায়ণের প্রথম অনুবাদক পনের শতকের কবি কৃত্তিবাস ওঝা। তিনি হলেন প্রথম এবং শ্রেষ্ঠ অনুবাদক। কৃত্তিবাসের রামায়ণের অন্য নাম শ্রীরাম পরাগলী'।

* বাংলা সাহিত্যের প্রথম মহিলা কবি চন্দ্রাবতী সতের শতকে রামায়ণ অনুবাদ করেন।

মহাভারত

* মহাভারতের মূল রচয়িতা কৃষ্ণ দ্বৈপায়ন। বেদ এর ব্যাখ্যা করেছিলেন বলে তাঁর অপর নাম বেদব্যাস।

* মহাভারত আঠার খন্ডে রচিত এবং এর শ্লোক সংখ্যা ৮৫০০০।

RAISUL ISLAM HRIDOY

* মহাভারতের প্রথম অনুবাদক ষোল শতকের কবি কবীন্দ্র পরমেশ্বর। তার পৃষ্ঠপোষক ছিলেন পাগল খাঁন। কবীন্দ্র পরমেশ্বর এর মহাভারতের নাম ছিল পরাগলী মহাভারত।

ভাগবত

* ভাগবত বার খন্ডে রচিত এবং এর শ্লোকসংখ্যা ৬২০০০। এই গ্রন্থটি বাংলায় অনুবাদ করেন মালাধর বসু।

* এজন্য তিনি বাদশাহ রুকনউদ্দিন বরবক শাহের কাছ থেকে 'গুণরাজ খান' উপাধি লাভ করেন। তার ভাগবতের নাম 'শ্রীকৃষ্ণবিজয়'।

রোমান্সধর্মী প্রণয়োপাখ্যান

* ইরানি কবি ফেরদৌসীর ইউসুফ-জোলেখা কাব্যের বাংলায় অনুবাদ করেন শাহ্ মুহম্মদ সগীর, আবদুল হাকিম, গরীবুল্লাহ।

* বাংলা সাহিত্যের প্রাচীনতম মুসলমান কবি শাহ্ মুহম্মদ সগীর।

* ফারসি থেকে লায়লী-মজনু অনুবাদ করেন দৌলত উজীর বাহরাম খান, মুহম্মদ খায়ের।

* ফকীর গরীবুল্লাহ ফারসি থেকে অনুবাদ করেন জঙ্গনামা।

* ফারসি থেকে গুলেবকালী অনুবাদ করেন নওয়াজিস খান, মুহম্মদ মুকীম।

* ফারসি হাতেম তাই থেকে অনুবাদ করেন সাদতুল্লাহ, সৈয়দ হামজা।

* আলাওল ফারসি থেকে অনুবাদ করেন সপ্ত পয়কর, সিকান্দার নামা, তোহফা, সয়ফুলমুলকবদিউজ্জামান।

* হিন্দি কবি সাধন রচিত 'মৈনাসত' থেকে সতীময়না ও লোরচন্দ্রানী প্রথম এবং দ্বিতীয় খন্ড রচনা করেন দৌলত কাজী। আর তৃতীয় খন্ড রচনা করেন আলাওল।

RAISUL ISLAM HRIDOY

* হিন্দি কবি মালিক মুহম্মদ জায়সী রচিত 'পদুমাবত' থেকে পদ্মাবতী রচনা করেন আলাওল।

* মধুমালতী অনুবাদ করেন মুহম্মদ কবীর, সৈয়দ হামজা, মুহম্মদ চুহর, শাকের মুহম্মদ।

* আরাকান রাজসভায় বাংলা সাহিত্য।

* দৌলত কাজী: রাজসভার আদি কবি। আরাকান রাজসভার প্রথম বাঙ্গালী কবি।

* আলাওল: রাজসভার সর্বশ্রেষ্ঠ কবি। মধ্যযুগের সবচেয়ে উল্লেখযোগ্য মুসলমান কবি।

* কোরেশী মাগন ঠাকুর: রোসাঙ্গরাজের প্রধানমন্ত্রী এবং আলাওলের পৃষ্ঠপোষক। চন্দ্রবতী' কোরেশী মাগন ঠাকুর রচিত একটি কাব্যগ্রন্থ।

নাথ সাহিত্য

* বাংলা সাহিত্যের মধ্যযুগে নাথ ধর্মের কাহিনী অবলম্বনে রচিত আখ্যায়িকা কাব্য নাথ সাহিত্য নামে পরিচিত।

* নাথ সাহিত্যের প্রধান কবি শেখ ফয়জুল্লাহ। শেখ ফয়জুল্লাহ রচনা করেন গোরক্ষ বিজয়।

* নাথ সাহিত্যের অন্যান্য কবি হলেন শ্যামদাস সেন, ভীমসেন রায়, দুর্লভ মল্লিক, ভবানী দাস, শুকুর মাহমুদ।

* নাথ সাহিত্য সংগ্রহ এবং সম্পাদনা করেছেন আবদুল করিম সাহিত্য বিশারদ।

মর্সিয়া সাহিত্য

* মুসলমান সংস্কৃতির নানা বিষাদময় কাহিনী তথা শোকাবহ ঘটনার বর্ণনার মাধ্যমে মর্সিয়া সাহিত্যের উদ্ভব হয়েছে।

RAISUL ISLAM HRIDOY

* মর্সিয়া সাহিত্যের আদি কবি শেখ ফয়জুল্লাহকে মনে করা হয়। তিনি 'জয়নবের চৌতিশা' নাম গ্রন্থটি রচনা করেন।

* মর্সিয়া সাহিত্যের অন্যান্য কবিগণ ছিলেন দৌলত উজির বাহরাম খান, মুহম্মদ খান, হায়াত মামুদ, জাফর হামিদ।

বৈষ্ণব পদাবলী

* পদ বা পদাবলী মূলত বৈষ্ণবীয় ধর্মের গুঢ় বিষয়ের বিশেষ সৃষ্টি।

* বৈষ্ণব পদাবলীর শ্রেষ্ঠ কবি চার জন- বিদ্যাপতি, চন্ডীদাস, গোবিন্দ দাস এবং জ্ঞানদাস।

* বিদ্যাপতি বৈষ্ণব পদাবলীর আদি রচয়িতা এবং প্রথম অবাঙ্গালী কবি।

গীতিকাঃ

* আখ্যানমূলক লোকগীতি বাংলাসাহিত্যে গীতিকা নামে পরিচিত।

* "গীতিকা" – কে ইংরেজীতে বলা হয় Ballad, যা ফারসিতে Ballet বা নৃত্য শব্দ থেকে এসেছে।

* ময়নসিংহ গীতিকা ২৩ টি ভাষায় অনূদিত হয়।

* ১৯২৩ সালে "মৈমনসিংহ গীতিকা" নামে সংকলন প্রকাশিত হয়।

* "মহুয়া" পালাটির রচয়িতা দ্বিজ কানাই এবং "দেওয়ানা মদিনা" পালাটির রচয়িতা মনসুর বয়াতি।

ময়নসিংহ গীতিকায় ১০টি গীতিকা স্থান পেয়েছে, যথা—মহুয়া, মলুয়া, চন্দ্রাবতী, কমলা, দেওয়ান ভাবনা, দস্যু কেনারামের পালা, রূপবতী, কঙ্ক ও লীলা, কাজলরেখা ও দেওয়ানা মদিনা। ভনিতা থেকে কিছু গীত রচয়িতার নাম জানা যায়, যেমন মহুয়া—দ্বিজ কানাই, চন্দ্রাবতী- নয়ানচাঁদ ঘোষ, কমলা- দ্বিজ ঈশান, দস্যু কেনারামের পালা- চন্দ্রাবতী, দেওয়ানা মদিনা- মনসুর বয়াতি। কঙ্ক ও লীলার রচয়িতা হিসেবে ৪ জনের নাম পাওয়া যায়- দামোদর দাস, রঘুসুত, শ্রীনাথ বিনোদ ও নয়ানচাঁদ ঘোষ। অবশিষ্ট গীতিকার রচয়িতার নাম জানা যায় না। গীতিকায় রচয়িতার নাম থাকলেও তাঁদের স্বতন্ত্র কবিত্বের চিহ্ন নেই; বরং বিষয়বস্তু, শিল্পাঙ্গিক, ভাষাভঙ্গি ও পরিবেশনা রীতি অভিন্ন বলেই প্রতিভাত হয়। আখ্যানগুলি লোকসমাজ থেকেই গৃহীত হয়েছে। ধর্ম নয়, পার্থিব জীবনকথা গীতিকার প্রধান বৈশিষ্ট্য। মৈমনসিংহ

RAISUL ISLAM HRIDOY

গীতিকার দস্যু কেনারামের পালা ছাড়া বাকি ৯টি পালার মুখ্য বিষয় নরনারীর লৌকিক প্রেম। প্রেমের পরিণতি কোনোটির | মিলনাত্মক, কোনোটির বিয়োগান্তক। নায়িকার নামানুসারে গীতিকাগুলির নামকরণ হয়েছে। গীতিকাগুলিতে পুরুষ চরিত্রের তুলনায় নারী চরিত্রের ভূমিকা উজ্জ্বল ও প্রাণবন্ত। প্রেমের প্রতিষ্ঠায় তারাই বেশি সংগ্রাম ও ত্যাগ স্বীকার করেছে। নারীদের একনিষ্ঠ প্রেম ও বলিষ্ঠ চরিত্র থেকে অনেকে মনে করেন, গীতিকাগুলিতে কোনো মাতৃতান্ত্রিক সমাজের প্রভাব থাকতে পারে।

পুঁথি সাহিত্যঃ

* অষ্টাদশ শতকের দ্বিতীয়ার্ধে আরবি-ফারসি শব্দ মিশ্রিত কাব্যকে দোভাষী পুঁথি বলে।

* "ফকির গরীবুল্লাহ" পুঁথি সাহিত্যের প্রথম সার্থক ও জনপ্রিয় কবি।

* পুঁথি সাহিত্যের উল্লেখযোগ্য কবিগণ হচ্ছেন- কবি কৃষ্ণরাম দাস, ফকির গরীবুল্লাহ, সৈয়দ হামজা।

* পুঁথি সাহিত্যের ভাষায় বৈশিষ্ট্য হচ্ছে ইসলামী চেতনা সম্পৃক্ত।

* দোভাষী বাংলা রচিত পুঁথি সাহিত্যকে বলা হয় - বটতলার পুঁথি।

* অষ্টাদশ শতকের দ্বিতীয়ার্ধে আরবি-ফারসি শব্দমিশ্রিত এক ধরনের বিশেষ ভাষারীতিতে যে সব কাব্য রচিত হয়েছিল তা বাংলা সাহিত্যের ইতিহাসে 'পুথি সাহিত্য' নামে চিহ্নিত।

* পুথি সাহিত্যের উল্লেখযোগ্য কবিগণ হচ্ছেন- কবি কৃষ্ণরাম দাস, ফকির গরীবুল্লাহ, সৈয়দ হামজা।

* পুথি সাহিত্যের প্রাচীনতম লেখক সৈয়দ হামজা।

কবিওয়ালা ও শায়েরঃ

* কবিওয়ালা ও শায়েরের উদ্ভব আঠারো শতকের মাঝামাঝি থেকে উনিশ শতকের মাঝামাঝি সময়ে।

RAISUL ISLAM HRIDOY

* আরবি-ফারসি-হিন্দি-উর্দু ভাষার মিশ্রণে মুসলমানের কাব্য রচয়িতাদের বলা হতো –শায়ের।

* কবিতাকে যারা জীবিকা নির্বাহের উপায় হিসেবে গ্রহণ করত তাদের বলা হতো - কবিওয়ালা।

* আঠারো শতকের দ্বিতীয়ার্ধে এবং উনিশ শতকের প্রতমার্ধে রাষ্ট্রিক, আর্থিক, সামাজিক এবং সাংস্কৃতিক . বিপর্যয়ের মুখে কলকাতার হিন্দু সমাজে 'কবিয়ালা' এবং মুসলমান সমাজে 'শায়ের' এর উদ্ভব ঘটে।

* এ কবিয়াল এবং শায়েররা যে সাহিত্য রচনা করেছে তাকে দোভাষী সাহিত্য বলে।

* গোজলা গুই হলেন কবিগানের আদিগুরু।

কবিগানঃ

* দুই পক্ষের তর্ক ও বিতর্কের মাধ্যমে অনুষ্ঠিত গানকে কবিগান বলা হয়

* কবিগানের আদিগুরু গোঁজলা গুই, শ্রেষ্ঠ রচয়িতা – হরু ঠাকুর।

* কবিগান রচনা ও পরিবেশনায় বিশেষভাবে সুখ্যাতি লাভ করেছিলেন এন্টনি ফিরিঙ্গি ও রামপ্রসাদ রায়।

টপ্পাগানঃ

* টপ্পাগান এর উদ্ভব- কবিগানের সমসাময়িককালে, হিন্দি টপ্পাগানএর আদর্শে।

* বাংলা টপ্পাগানের জনক-নিধুবাবু বা রামনিধি গুপ্ত।

* আধুনিক বাংলা গীতিকবিতার সুত্রপাত – টপ্পাগানথেকে

* টপ্পাগানের রচয়িতা – কালী মির্জা ও শ্রীধর কথক

RAISUL ISLAM HRIDOY

পাঁচালীগানঃ

* পাঁচালীগানের শক্তিশালী কবি দাশরথি রায় দাশু রায়। তার পাঁচালী পালা প্রকাশ হয়েছিল দশ খন্ডে।

মধ্যযুগ-লোকসাহিত্য,যুগসন্ধিক্ষণ ও প্রশ্নোত্তর

লোকসাহিত্যঃ

* ইংরেজীতে Folklore শব্দের বাংলা প্রতিশব্দ লোকসাহিত্য"।

* জনসাধারণের মুখে মুখে প্রচলিত গান, কাহিনী, গল্প, ছড়া, প্রবাদ – লোকসাহিত্য।

* লোকসাহিত্যের উপাদান জনশ্রুতিমূলক বিষয় এবং প্রাচীনতম সৃষ্টি ছড়া।

* "হারামণি" হলো প্রাচীন লোকগীতি, এর সংকলক- মুহম্মদ মনসুর উদ্দীন।

* ড. আশুতোষ ভট্টাচার্য লোককথাকে- রূপকথা, উপকথা এবং ব্রতকথা এই তিন ভাগে ভাগ করেছেন।

* ঠাকুরমার ঝুলি, ঠাকুরদাদার ঝুলি, ঠানদাদার থলে প্রভৃতি জনপ্রিয় রূপকথার সংকলক – দক্ষিণারঞ্জনমিত্র মজুমদার।

RAISUL ISLAM HRIDOY

* পশুপক্ষীর চরিত্র অবলম্বনে রচিত কাহিনীকে বলে – উপকথা যেমনঃ ঈশপের উপকথা।

* মেয়েলী ব্রতে সঙ্গে সম্পর্কিত কাহিনী অবলম্বনে রচিত লোককথাই – ব্রতকথা।

[১৭৬০ সালে ভারতচন্দ্র মারা যাবার পর মধ্যযুগের সমাপ্তি হয় ... প্রশ্ন উঠতে পারে ভারত চন্দ্র মারা । যাবার সাথে সাথে মধ্যযুগের পতনের কি সম্পর্ক? ভারতচন্দ্র মারা যাবার পর মধ্যযুগের সমাপ্তি হয় কারণ মঙ্গলকাব্যের চারশ বছরের কাব্যধারার সমাপ্তি ... কিন্তু এই কারনের সাথে আরও একটা কারণ জড়িত .. রাজনৈতিক ভাবেও এই এলাকার পটভূমি পরিবর্তন হতে থাকে। ১৭৫৭ সালে পলাশির প্রান্তরে সিরাজউদ্দৌলা পরাজিত হওয়ার মধ্যদিয়ে ইংরেজ তথা বৃটিশদের শাসন হয় তখন সাহিত্যের আবির্ভাব হয় যা আধুনিক সাহিত্য ধারার প্রবর্তন করার অন্যতম কারণ]।

যুগসন্ধিক্ষণঃ (১৭৬১-১৮৬০ খ্রী)

যুগসন্ধিক্ষণ মানে দুই যুগের মিলন যুগ সন্ধিক্ষণ এমন একটি যুগ যে যুগে মধ্য যুগ এবং আধুনিক যুগের মিশ্র বৈশিষ্ট পাওয়া যায়। যুগসন্ধিক্ষণের কবি ইশ্বরচন্দ্র গুপ্ত ইশ্বরচন্দ্র গুপ্তকে স্ববিরোধী কবি ও বলা হয়েছে। [স্ববিরোধী বলার কারণঃ প্রথমদিকে তিনি ইংরেজদের শাসনের বিরুদ্ধে লেখলেও শেষের দিকে তার কাব্যে ইংরেজদের শাসনের প্রশংসা করেছেন]।

1) বাংলা সাহিত্যের মধ্যযুগের প্রথম নিদর্শন কি? = শ্রীকৃষ্ণ কীর্তন।

2) শ্রীকৃষ্ণ কীর্তনকাব্য কে রচনা করেন? = চৈতন্যপূর্ব যুগ।

3) শ্রীকৃষ্ণ কীর্তন কাব্য কোন যুগের নিদর্শন? = বড় চন্ডীদাস।

4) বড়ু চন্ডীদাসের শ্রীকৃষ্ণ কীর্তন কাব্য কে উদ্ধার করেন? = বসন্তরঞ্জন রায়, ১৯০৯।

5) শ্রীকৃষ্ণ কীর্তন কাব্য কোথা থেকে উদ্ধার করা হয়? = পশ্চিম বঙ্গের বাকুড়া জেলার কাকিলা গ্রামের এক গৃহস্থ বাড়ীর গোয়ালঘর থেকে উদ্ধার করেন।

6) বৈষ্ণব পদাবলীর আদি রচয়িতা কে? = বড় চণ্ডীদাস।

7) আদি যুগে লোকজীবনের কথা বিধৃত সর্বপ্রথম সাহিত্যক নিদর্শন কোনটি? = ডাক খনার বচন।

8) মধ্যযুগের বাংলা সাহিত্যর প্রধান দুটি ধারা কি ? =১। কাহিনীমূলক ও ২। গীতিমূলক।

9) শ্রী চৈতন্যর নামানুসারে মধ্যযুগের বিভাজন কিরূপ? = চৈতন্য পূর্ববর্তী যুগ (১২০১-১৫০০ খ্রিঃ), চৈতন্য যুগ (১৫০১-১৬০০) ও চৈতন্য পরবর্তী যুগ (১৬০১-১৮০০)।

10) চৈতন্য পরবর্তী যুগ বা মধ্যযুগের শেষ কবি কে? = ভারতচন্দ্র রায় গুনাকর।

11) আধুনিক যুগের উদগাতা কে? = মাইকেল মধুসুদন দত্ত।

12) কোন যুগকে অবক্ষয়ের যুগ বলা হয় ? = ১৭৬০-১৮৬০সাল পর্যন্ত।

13) বাংলা সাহিত্যর আধুনিক যুগের সময়কাল কয়পর্বে বিভক্ত ও কি কি? = চারটি পর্বে বিভক্ত। যেমন ১. প্রস্তুতি পর্ব (১৮০১-১৮০৫)খ্রিঃ, ২. বিকাশ পর্ব (১৮৫১-১৯০০) খ্রিঃ, ৩.রবীন্দ্র পর্ব (১৯০১-১৯৪০) খ্রিঃ ও ৪. অতি-আধুনিক যুগ (১৯০১ বর্তমান কালসীমা)।

14) আধুনিক যুগ কোন সময় পর্যন্ত বিস্তৃত? =১৮০১ সাল থেকে বর্তমান।

15) যুগ সন্ধিক্ষনের কবি কে ? = ঈশ্বরচন্দ্র দত্ত।

16) বাংলা ভাষায় রামায়ন কে অনুবাদ করেন? = কৃত্তিবাস।

17) রামায়নের আদি রচয়িতা কে? কবি বাল্মীকি।

18) বাংলা ভাষায় মহাভারত কে অনুবাদ করেন? = কাশীরাম দাস।

19) মহাভারতের আদি রচয়িতা কে? = বেদব্যাস।

20) গীতি কাব্যের রচয়িতা কে? = গোবিন্দ্রচন্দ্র দাস।

21) পুঁথি সাহিত্যের প্রথম সার্থক কবি কে? ফকির গরিবুল্লাহ।

22) মধ্যযুগের বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ কবি কে? = মুকুন্দরাম চক্রবর্তী।

23) বাংলা গদ্যের জনক কে? = ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ।

24) আধুনিক যুগের শ্রেষ্ঠ প্রতিভু কে? = বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর।

25) বাংলা ভাষার আদি কবি ? = কানা হরিদত্ত।

26) বাংলা গদ্যর উৎপত্তি কোথায়? = আঠার শতকে।

RAISUL ISLAM HRIDOY

27) বাংলা ভাষা ও সাহিত্যর প্রাচীনতম শাখা কোনটি? = কাব্য।

28) বাংলা গদ্য সাহিত্য কখন শুরু হয়? = আধুনিক যুগে।

29) আলাওল কোন যুগের কবি? = মধ্য যুগের।

30) মধ্যযুগের অবসান ঘটে কখন? = ঈশ্বর গুপ্তের মৃত্যুর সঙ্গে।

31) উনিশ শতকের সবচেয়ে খ্যাতনামা বাউল শিল্পী কে? = লালন শাহ।

32) কাঙ্গাল হরিনাথ কখন আবির্ভূত হন? = উনিশ শতকের শেষার্ধে।

33) বিষাদসিন্ধু কোন যুগের গ্রন্থ? = আধুনিক যুগের।

34) মধ্যযুগের অন্যতম সাহিত্য নিদর্শন কি? = পদ্মাবতী ও অন্নদামঙ্গল।

35) চন্ডীদাস কোন যুগের কবি ? = মধ্যযুগের।

36) আধুনিক বাংলা গীতি কবিতার সূত্রপাত? = টপ্পাগান।

37) টপ্পা গানের জনক কে? = নিধুবাবু (রামনিধি গুপ্ত)।

38) মীর মশাররফ সাহিত্য ক্ষেত্রে আবির্ভূত হন? = উনিশ শতকের শেষার্ধে।

আধুনিক যুগ: রাজা রামমোহন রায়-গোলাম মোস্তফা

আধুনিক যুগ (১৮০১–বর্তমান): আধুনিক যুগকে দুটি পর্যায়ে ভাগ করা যায়–

১. উন্মেষ পর্ব (১৮০১–১৮৬০ খ্রী) ও

২. বিকাশ পর্ব (১৮৬১ – বর্তমান)।

গদ্য সাহিত্য হচ্ছে আধুনিক যুগের সৃষ্টি । আধুনিক যুগের অন্যান্য বৈশিষ্ট হলো:

১.গল্প

২.উপন্যাস

৩.নাটক

৪.প্রহসন

৫.প্রবন্ধ

RAISUL ISLAM HRIDOY

ফোর্ট উইলিয়াম কলেজ

* ১৮০০ সালের ৪ মে কলকাতার লালবাজারে লর্ড ওয়েলেসলি কর্তৃক ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠিত হয়। ১৮৫৪ সাল পর্যন্ত এটি চালু ছিল।

* ১৮০১ সালের ২৪ নবেম্বর এই কলেজে বাংলা বিভাগ চালু হয়। বাংলা বিভাগের প্রধান ছিলেন পাদ্রী উইলিয়াম কেরী। উইলিয়াম কেরীর 'কথোপকথন' বাংলা ভাষার প্রথম মুদ্রিত গদ্যগ্রন্থ। উইলিয়াম কেরী ইতিহাস মালা নামে আরেকটি গ্রন্থ রচনা করেন।

* ফোর্ট উইলিয়াম কলেজের অপরাপর পন্ডিতগণ হলেন মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার, রামরাম বসু, গোলকনাথ শর্মা, চন্ডীচরণ মুন্সী, হরপ্রসাদ রায় এবং রাজীবলোচন মুখোপাধ্যায়।

* মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার রচনা করেন বত্রিশ সিংহাসন, হিতোপদেশ, প্রবোধচন্দ্রিকা, বেদান্তচন্দ্রিকা, রাজাবলী।

* রামরাম বসু রচনা করেন রাজা প্রতাপাদিত্য রচিত্র, লিপিমালা।

* গোলকনাথ শর্মা রচনা করেন হিতোপদেশ।

* চন্ডীচরণ মুন্সী রচনা করেন তোতা ইতিহাস।

* হরপ্রসাদ রায় রচনা করেন পুরুষ পরীক্ষা।

* রাজীবলোচন মুখোপাধ্যায় রচনা করেন মহারাজ কৃষ্ণচন্দ্র রায়স্য চরিত্রং।

প্রধান বাংলা সাহিত্যিক এবং তাদের কর্মের পরিচয়

রাজা রামমোহন রায় (১৭৭৪–১৮৩৩)

* রামকান্ত রায় ও তারিণী দেবী'র ২য় পুত্র রামমোহন রায় হুগলী জেলার রাধানগরে ১৭৭৪ সালে জন্মগ্রহন করেন।

RAISUL ISLAM HRIDOY

* তার প্রথম জীবনের ভ্রমন সম্পর্কে 'তুহফাত-উল-মুজাহিদীন' এ তিনি নিজে লিখেছেন "আমি পৃথিবীর সুদূর প্রদেশ গুলিতে, পার্বত্য ও সমতলভূমিতে পর্যটন করিয়াছি"।

* সতীদাহ প্রথা রহিতকরণে তার ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ন। রাজা রামমোহন রায়ের ছদ্মনাম ছিল শিবপ্রসাদ রায়।

* ১৮১৪ সাল থেকে স্থায়ীভাবে কলকতায় বসবাস শুরু করেন ।এ সময় থেকে তিনি ধর্ম ও সহমরণ প্রথা রোধ প্রভৃতি সমাজ সংস্কার মূলক আন্দোলন শুরু করেন এবং ব্রাহ্মন সেবধি', 'সম্বাদ কৌমুদি' ও মীরাউল আখবার পত্রিকা প্রকাশ করেন।

* রামমোহন রায় কর্তৃক ব্রাহ্ম সমাজ প্রতিষ্ঠিত হয় ১৮২৮ সালে।

* তার রচিত বাংলা ব্যাকরণের নাম 'গৌড়ীয় ব্যাকরণ'। এটি ইংরেজী ভাষায় লেখা হয়েছিল ১৮২৬ সালে। পরে ১৮৩৩ সালে এর বাংলা অনুবাদ হয়।

* তিনি ফারসি ভাষার পত্রিকা 'মিরাতুল আখবার' সম্পাদনা করেন।

* রামমোহনের রচিত গ্রন্থগুলো হল- বেদান্ত গ্রন্থ (১৮১৫), বেদান্ত সার (১৮১৫), ভট্টাচার্যের সচিত বিচার (১৮১৭), গোস্বামীর সহিত বিচার (১৮১৮), উপনিষদের অনুবাদ (১৮১৫-১৯), সহমরণ বিষয়ক প্রবর্তক নিবর্তক সম্বাদ (১৮১৮-১৯)' এবং পথ্য প্রদান (১৯২৩)।

* ১৮৩২ সালে তিনি ফ্রান্সে যান এবং রাজা ফিলিপ লুই এর সাথে সাক্ষাত করেন।১৮৩৩ সালের ২৭ সেপ্টেম্বর ইংল্যান্ডের ব্রিস্টল শহরে তাঁর মৃত্যু হয়।

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (১৮২০-১৮৯১)

* ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর শিল্পসম্মত বাংলা গদ্যের জনক।

* ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের পারিবারিক পদবী বন্দ্যোপাধ্যায়। ১৮৪০ সালে তিনি সংস্কৃত কলেজ থেকে 'বিদ্যাসাগর' উপাধি লাভ করেন। তিনি ঈশ্বরচন্দ্র শর্মা নামে স্বাক্ষর করতেন।

* তিনি বাংলা গদ্যে ১৫টি বিরামচিহ্নের প্রবর্তন করেন। বিদ্যাসাগরের ব্যাকরণ গ্রন্থের নাম 'ব্যাকরণ কেমুদী'।

* ১৮৫৬ সালে বিধবা বিবাহ আইন পাস করানোর ক্ষেত্রে তিনি সক্রিয় ভূমিকা রাখেন।

* তিনি ১৮৪১ সালে ফোর্ট উইলিয়াম কলেজে পন্ডিত হিসেবে যোগ দিয়েছিলেন।

* ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অনুবাদ গ্রন্থ হল- বেতাল পবিংশতি (১৮৪৭), শকুন্তলা (১৮৫৪), সীতার বনবাস (১৮৬০), ভ্রান্তিবিলাস (১৮৬৯) ইত্যাদি।

RAISUL ISLAM HRIDOY

* ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মৌলিক গ্রন্থ হল- প্রভাবতী সম্ভাষণ (১৮৬৩), বিদ্যাসাগর রচিত (১৮৯২), সংস্কৃত ভাষা, সংস্কৃত সাহিত্য বিষয়ক প্রস্তাব (১৮৫৩), বিধবা বিবাহ চলিত হায়া উচিত কিনা এতদ্বিষয়ক প্রস্তাব (১৮৫৫), বিধবা বিবাহ রহিত হয়া উচিত কিনা এতদ্বিষয়ক বিচার (১৮৭১), অতি অল্প হইল, (১৮৭৩), আবার অতি অল্প হইল (১৮৭৩), ব্রজবিলাস (১৮৮৪), রত্ন পরীক্ষা (১৮৮৬) ইত্যাদি।

* ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত পাঠ্যবই হল- বর্ণপরিচয় (১৮৫৫), কথামালা, বোধোদয় (১৮৫১), আখ্যানমঞ্জরী ইত্যাদি।

অক্ষয়কুমার দত্ত (১৮২-১৮৮৬)

* তিনি বাঙালির মধ্যে প্রথম বিজ্ঞানমনস্ক লেখক। অক্ষয়কুমার দত্ত তত্ত্ববোধিনী (১৮৪৩)' পত্রিকার সম্পাদক ছিলেন। তত্ত্ববোধিনী পত্রিকা ব্রাহ্মসমাজের মুখপত্র ছিল।

মাইকেল মধুসূদন দত্ত (১৮২৪-১৮৭৩)

* ১৮৪৩ সালের ৯ ফেব্রুয়ারি মাইকেল খ্রিস্টধর্ম গ্রহণ করেন।

* মাইকেল মধুসূদন দত্ত বাংলা সাহিত্যের সর্বপ্রথম এবং সর্বশ্রেষ্ঠ মহাকাব্য 'মেঘনাদ বধ (১৮৬১)' রচনা করেন। এটি অমিত্রাক্ষর ছন্দে রচিত। এ কাব্যে সর্গ সংখ্যা ৯ টি। এটি একটি বীররসের কাব্য।

* মাইকেলের রচিত নাটকগুলো হল- শর্মিষ্ঠা (১৮৫৯)- বাংলা সাহিত্যের প্রথম সার্থক নাটক, পদ্মাবতীবাংলা সাহিত্যের প্রথম সার্থক কমেডি, কৃষ্ণকুমারী- বাংলা সাহিত্যের প্রথম সার্থক ট্রাজেডি, মায়াকানন।

* মাইকেলের রচিত কাব্যগ্রন্থ হল- দি ক্যাপটিভ লেডি (১৮৫৯)- মাইকেলের প্রথম কাব্যগ্রন্থ, ভিসন অব দি পাস্ট, তিলোত্তমাসম্ভব (১৮৬০)- মাইকেলের প্রথম বাংলা কাব্যগ্রন্থ, চতুর্দশপদী কবিতাবলী- বাংলা সাহিত্যের প্রথম সনেট সংকলন, বীরাঙ্গনা- বাংলা সাহিত্যের প্রথম পত্র কাব্য, ব্রজাঙ্গনা- বৈষ্ণব পদাবলীর আধুনিক পরিণতি।

* মাইকেলের রচিত প্রহসন হল- বুড়ো শালিকের ঘাড়ে রোঁ (১৮৬০)- এটি বাংলা সাহিত্যের প্রথম প্রহসন, একেই কি বলে সভ্যতা।

RAISUL ISLAM HRIDOY

দীনবন্ধু মিত্র (১৮৩০-১৮৭৩)

* দীনবন্ধু মিত্র নাট্যকার হিসেবে খ্যাতি অর্জন করেছিলেন। দীনবন্ধুর উল্লেখযোগ্য নাটকগুলো হলনীলদর্পণ (১৮৬০)- এটি ঢাকা থেকে প্রকাশিত প্রথম গ্রন্থ, নবীন তপস্বিনী, কমলে কামিনী, লীলাবতী।

* দীনবন্ধু মিত্রের উল্লেখযোগ্য প্রহসনগুলো হল- সধবার একাদশী, জামাই বারিক, বিয়ে পাগলা বুড়ো।

* দীনবন্ধু মিত্রের জন্ম সাল ১৮৩০ খ্রিস্টাব্দে।

* তাঁর রচিত জনপ্রিয় কাব্যগুলো : সুরধুনী কাব্য (১ম ভাগ ১৮৭১ ও ২য় ভাগ ১৮৭৬) ও দ্বাদশ কবিতা (১৮৭২)।

* দীনবন্ধু মিত্র নাট্যকার রূপে সমাধিক খ্যাত

* নীলকর সাহেবদের বীভৎস অত্যাচারের লাঞ্ছিত নীল চাষীদের দুরবস্থা অবলম্বনে রচিত তাঁর নাটকের নাম: নীল দর্পণ (১৮৬০)।

* নীল-দর্পণকে বাংলাদেশের নাটক বলা হয় কারণ, নাটকটির কাহিনি মেহেরপুর অঞ্চলের, দীনবন্ধু ঢাকায় অবস্থানকালে তা রচনা করেন। নাটকটি প্রথম প্রকাশ হয় ঢাকার বাংলা প্রেস থেকে এবং প্রথম মঞ্চস্থও হয় ঢাকাতে।।

* নীল-দর্পণ নাটকের মাইকেল মধুসূদন দত্ত কৃত ইংরেজিতে অনুবাদের নাম: Nil Darpan or The Indigo Planting Mirror (1861).

* মধুসূদন A Native ছদ্মনামে এই অনুবাদ করেন?

* ইংরেজি শিক্ষিত নব্য যুবকদের মদ্যপান ও বারবণিতা সঙ্গকে বঙ্গ করে তাঁর রচিত প্রহসন: সধবার একাদশী (১৮৬৬)।

* সমাজের প্রাচীনপন্থীদের ব্যঙ্গ করে তাঁর রচিত প্রহসনের নাম: উত্তরঃ বিয়ে পাগলা বুড়ো (১৮৬৬)।

* তাঁর রচিত অপরাপর নাটকগুলো হল নবীন তপস্বিনী (১৮৬৬), লীলাবতী (১৮৬৭), জামাই বারিক (১৮৭২), কমলে কামিনী (১৮৭৩) ইত্যাদি।

[টেকনিক: দীনবন্ধু মিত্রের নাটক ও প্রহসন: নবীন জামাই কমল সধবার একাদশীতে লীলাবতীকে নিয়ে নীলদর্পণ নাটক দেখতে গেলে এক বুড়ো তাকে বিয়ে করার জন্য পাগল হয়ে যায়।]

ভাই গিরিশচন্দ্র সেন (১৮৩৫-১৯১০)

* ভাই গিরিশচন্দ্র সেন সর্বপ্রথম কুরআন শরীফের পূর্ণাঙ্গ অনুবাদ (গ্রন্থ আকারে) করেন (১৮৮১-৮৬)।

RAISUL ISLAM HRIDOY

* ৯৬ জন সূফীর জীবন কাহিনী নিয়ে ফারসী ভাষার ফরিদুদ্দিন আত্তারের 'তাজকেরাতুল আওলিয়া অবলম্বনে রচনা করেন তাপসমালা।

* ভাই গিরিশচন্দ্র সেনের মৌলিক গ্রন্থ হচ্ছে মহাপুরুষচরিত।

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (১৮৩৮-১৮৯৪)

* বাংলা সাহিত্যে তিনি সাহিত্যসম্রাট' হিসেবে খ্যাতি অর্জন করেন। তিনি কলকাতা বিশ্ববিদ্যালয়ের সর্বপ্রথম গ্রাজুয়েট।

* বঙ্কিমের প্রথম কাব্যগ্রন্থ 'ললিতা তথা মানস (১৮৫৬)

* তার উল্লেখযোগ্য প্রবন্ধ হচ্ছে কমলা কান্তের দপ্তর, সাম্য- এই গ্রন্থটি তিনি বাজার থেকে প্রত্যাহার করে নেন, লোক রহস্য, মুচিরাম গুড়ের জীবনচরিত, বিবিধ প্রবন্ধ, কৃষ্ণচরিত, বিজ্ঞান রহস্য, ধর্মতত্ত্ব।

* বঙ্কিম অসামান্য অবদান রাখেন উপন্যাস রচনায়। তার উপন্যাসগুলো হচ্ছে- Rajmohon's wife (1835)- এটি লেখকের প্রথম উপন্যাস, দুর্গেশ নন্দিনী (১৮৬৫)- এটি বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস, কপালকুন্ডলা- এটি বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক উপন্যাস, কৃষ্ণকান্তের উইল, রজনী, বিষবৃক্ষ, রাজসিংহ, মৃণালিনী, ত্রয়ী উপন্যাস (সীতারাম, দেবী চৌধুরাণী এবং আনন্দমঠ), চন্দ্রশেখর, রাধারাণী, যুগলাঙ্গুরীয় এবং ইন্দিরা।

মীর মশাররফ হোসেন (১৮৪৭-১৯১১/১৯১২)

* উনবিংশ শতাব্দীর সর্বশ্রেষ্ট মুসলিম সাহিত্যিক রূপে খ্যাত 'বিষাদ সিন্ধুর অমর লেখক মীর মশাররফ হোসেন ১৮৪৭ সালের ১৩ই নভেম্বর জন্মগ্রহন করেন।

* মীর মশাররফ হোসেন বংশতালিকাঃ সৈয়দ সা'দুল্লাহ-মীর উমর দরাজ-মীর ইব্রাহীম হোসেন-মীর মোয়াজ্জম হোসেন-মীর মশাররফ হোসেন।

* গল্প, উপন্যাস, নাটক, কবিতা, আত্মজীবনী, প্রবন্ধ ও ধর্ম বিষয়ক প্রায় ৩৭টি বই রচনা করেছেন। এরমধ্যে রত্নাবতী, গৌরী সেতু, বসন্তকুমারী, নাটক জমিদার দর্পণ, সঙ্গীত লহরী, উদাসীন পথিকের মনের কথা, মদীনার গৌরব, বিষাদসিন্ধু বিশেষভাবে উল্লেখযোগ্য।

* তিনি কাঙাল হরিণাথ মজুমদারের সাপ্তাহিক গ্রামবার্তা প্রকাশিকা পত্রিকা ও কবি ঈশ্বরগুপ্তের সংবাদ প্রভাকর পত্রিকায় কিছুদিন কাজ করেন।

* ১৮৮০ সালে তিনি নানা বাড়ী এলাকা লাহিনীপাড়া থেকে 'হিতকরী' নামের একটি পাক্ষিক পত্রিকা প্রকাশ করেন।

RAISUL ISLAM HRIDOY

* মীর মশাররফ হোসেনের সন্তানদের নামঃ রওশন আরা, এক কন্যা (নাম জানা যায় নাই), ইব্রাহীম হোসেন, আমিনা, সালেহা, সালেমা, আশরাফ হোসেন, ওমর দারাজ, মাহবুব হোসেন, রাহেলা ও মোসতাক হোসেন।

* মীর মশাররফ হোসেন উনিশ শতকের অন্যতম শ্রেষ্ঠ সাহিত্যিক।

* তাঁর প্রথম জীবনীকার ব্রজেন্দ্রনাথ বন্দোপাধ্যায় তাঁকে বাংলা সাহিত্যে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের সংগে তুলনা করেছেন।

* তিনি জমিদার দর্পন' নাটক লিখে তদানীন্তনকালে অন্যতম শ্রেষ্ট নাট্যকারের মর্যদা লাভ করেন।

* মীর মশাররফ হোসেন লিখিত গ্রন্থ: রত্নবতী (উপঃ ১৮৭৩), বসন্ত কুমারী (নাটক ১৮৭৩), জমিদার দর্পণ (নাটক ১৮৬৯), গড়াই ব্রীজ বা গৌড়ী সেতু (কবিতা গ্রন্থ ১৮৭৩), এর উপায় কি (প্রহসন ১৮৭৬), বিষাদ-সিন্ধু (ঐতিহাসিক উপন্যাস ১৮৮৫-৯১), সঙ্গীত লহরী (১৮৮৭), গো-জীবন (প্রবন্ধ ১৮৮৯), বেহুলা গীতাভিনয় (গীতিনাট্য ১৮৮৯), উদাসীন পথিকের মনের কথা (জীবনী ১৮৯৯), গাজী মিয়ার বস্তানী। (রম্যরচনা ১৮৯৯), মৌলুদ শরীফ (গদ্যে-পদ্যে লিখিত ধর্মীয় গ্রন্থ ১৯০০), মুসলমানের বাঙ্গালা শিক্ষা (ছাত্র পাঠ্য ১ম ভাগ ১৯০৩ এবং দ্বিতীয় ভাগ ১৯০৮), বিবি খোদেজার বিবাহ (কাব্য ১৯০৫), হযরত ওমরের ধর্ম জীবন লাভ (কাব্য ১৯০৫), হযরত বেলালের জীবনী (প্রবন্ধ ১৯০৫), হযরত আমীর হামজার ধর্ম জীবন লাভ (কাব্য ১৯০৫), মদিনার গৌরব (কাব্য ১৯০৬), মোস্লেম বীরত্ব (কাব্য ১৯০৭), এসলামের জয় (প্রবন্ধ গ্রন্থ ১৯০৮), আমার জীবনী (আত্মজীবনী ১৯০৮-১০), বাজীমাত (কাব্য ১৯০৮), হযরত ইউসোফ (প্রবন্ধ গ্রন্থ ১৯০৮), খোতবা বা ঈদুল ফিতর (কাব্য ১৯০৮), বিবি কুলসুম (জীবনী ১৯১০) * উপরোক্ত গ্রন্থসমূহ বাদে মীর মশাররফ হোসেন লিখিত অপর ১২ খানি গ্রন্থের নাম পাওয়া যায়। এই গ্রন্থগুলো হলঃ ভাই ভাই এইত চাই (প্রহসন ১৮৯৯), ফাঁস কাগজ (প্রহসন ১৮৯৯), এ কি! (প্রহসন। | ১৮৯৯), টালা অবিনয় (প্রহসন ১৮৯৯), পঞ্চনারী (কাব্য), প্রেম পারিজাত (কাব্য), বাঁধাখাতা (উপঃ। ১৮৯৯), নিয়তি কি অবনতি (উপঃ ১৮৯৯), রাজিয়া খাতুন (উপঃ ১৮৯৯), তহমিনা (উপঃ ১৮৯৯), গাজী মিয়ার গুলি (রম্যরচনা), বৃহত হীরক খনি (শিশু পাঠ)।

* ১৯১১ সালের ১৯ শে ডিসেম্বর নিজ বাড়ী রাজবাড়ী জেলার পদমদী গ্রামে মীর মশাররফ হোসেন ইন্তিকাল করলে বিবি কুলসুমের কবরের পাশেই তাঁকে সমাহিত করা হয়।

[টেকনিক: মীর মশাররফ হোসেন এর উপন্যাস: রত্নাবতী বিষাদসিন্ধুর পানে তাকিয়ে থাকা উদাসীন। পথিকের মনের কথা বুঝতে পেরে বাঁধা খাতাটি গাজি মিয়ার বস্তানীতে রাখলেন।]

কায়কোবাদ (১৮৫৭-১৯৫৯)

* কায়কোবাদ ১৮৫৭ (বর্তমানে বাংলাদেশ) ঢাকার জেলাতে নবাবগঞ্জ থানার অধীনে আগলা গ্রামে জন্ম গ্রহণ করেন।

* কায়কোবাদ ঢাকাতে পোগোজ স্কুল এবং সেইন্ট গ্রেগরী স্কুলে অধ্যয়ন করেন।

* ১৯৩২ সালে, তিনি কলকাতাতে অনুষ্ঠিত বঙ্গীয় মুসলিম সাহিত্য সম্মেলন-এর প্রধান অধিবেশনে সভাপতিত্ব করেন।

